

# নোটিশ

তারিখ : ২৮/১০/২০২১ খ্রি:

এতদ্বারা অত্র বিদ্যালয়ের প্রভাতি ও দিবা শাখার ১২-১৭ বছর বয়সী শিক্ষার্থীদের অভিভাবদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আপনার সন্তানের কোভিড-১৯ টিকা গ্রহণের লক্ষ্যে সুরক্ষা সাইটে <https://surokha.gov.bd/birth-reg-enroll>

এ প্রবেশ করে ৩০/১০/২০২১ (শনিবার) সকাল ১১.০০ টার মধ্যে শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশ দেওয়া হলো।

রেজিস্ট্রেশনের কেন্দ্র নির্বাচনের পদ্ধতি নিম্ন রূপ :

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা ” ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন” এবং টিকা গ্রহণের কেন্দ্র হিসেবে ”ঢাকা স্কুল কেন্দ্র (দক্ষিণ)” নির্বাচন করবেন। রেজিস্ট্রেশনের সময় প্রদত্ত মোবাইল ফোনে টিকা গ্রহণের তারিখ এসএমএস এর মাধ্যমে এবং সংশ্লিষ্ট কোন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীরা টিকা গ্রহণ করবে তা পরবর্তীতে জানানো হবে। টিকা রেজিস্ট্রেশন করতে কোনো অসুবিধা হলে শ্রেণি শিক্ষকের সাথে যোগাযোগ করবেন। টিকা রেজিস্ট্রেশন সম্পন্ন হলে শ্রেণি শিক্ষককে অবহিত করবেন।



প্রধান শিক্ষক

নারিন্দা সরকারি উচ্চ বিদ্যালয়, ঢাকা।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
www.dshe.gov.bd



জরুরি

তারিখ: ১২ কার্তিক ১৪২৮

২৮ অক্টোবর ২০২১

নম্বর ৩৭.০২.০০০০.১১৩.৯৯.০০৪.২১.৭৬

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন ঢাকা মহানগরীর সকল শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ১২-১৭ বছর বয়সী শিক্ষার্থীদের কোভিড-১৯ টিকা গ্রহণের নিমিত্তে <https://surokkha.gov.bd/birth-reg-enroll> এ রেজিস্ট্রেশন সংক্রান্ত।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন ঢাকা মহানগরীর সকল শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ১২-১৭ বছর বয়সী শিক্ষার্থীদের কোভিড-১৯ টিকা প্রদানের নিমিত্তে ইতোমধ্যে আপনার প্রতিষ্ঠান হতে শিক্ষার্থীদের যে তথ্য পাওয়া গিয়েছে তাদের মধ্যে সঠিক ফরম্যাটের ডাটা সুরক্ষা ওয়েব সাইটে রেজিস্ট্রেশন সুবিধার জন্য অন্তর্ভুক্ত করা হয়েছে। প্রেরিত তথ্যানুযায়ী শিক্ষার্থীদের কোভিড-১৯ টিকা গ্রহণের লক্ষ্যে সুরক্ষা সাইটে <https://surokkha.gov.bd/birth-reg-enroll> এ প্রবেশ করে দ্রুততম সময়ে জরুরি ভিত্তিতে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম নিশ্চিতভাবে সম্পন্ন করতে হবে। রেজিস্ট্রেশনের কেন্দ্র নির্বাচনের পদ্ধতি নিম্নরূপ-

\* ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা "ঢাকা উত্তর সিটি কর্পোরেশন" এবং টিকা গ্রহণের কেন্দ্র হিসেবে "ঢাকা স্কুল কেন্দ্র (উত্তর)" নির্বাচন করবে।

\*\* ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা "ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন" এবং টিকা গ্রহণের কেন্দ্র হিসেবে "ঢাকা স্কুল কেন্দ্র (দক্ষিণ)" নির্বাচন করবে।

রেজিস্ট্রেশনের সময় প্রদত্ত মোবাইল ফোনে টিকা গ্রহণের তারিখ এসএমএস এর মাধ্যমে এবং সংশ্লিষ্ট কোন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীরা টিকা গ্রহণ করবে তা পরবর্তীতে জানানো হবে।

উল্লেখ্য, পূর্বে প্রেরিত তথ্যানুযায়ী কোন শিক্ষার্থী সুরক্ষা সাইটে রেজিস্ট্রেশন করতে না পারলে তাদের সঠিক তথ্য পূর্বের নির্দেশনা অনুযায়ী সঠিক ফরম্যাটে (জন্ম নিবন্ধন নম্বর Text Format এবং excel sheet এ নির্ধারিত Date Format: yyyy-mm-dd) এক্সেল ফাইলে প্রতিষ্ঠান হতে [student.vaccination2021@gmail.com](mailto:student.vaccination2021@gmail.com) ই-মেইলে প্রেরণ করার অনুরোধ করা হলো।

২৮-১০-২০২১

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক  
মহাপরিচালক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পরিচালক (সকল)
- ৩) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, , ঢাকা অঞ্চল, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৪) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, , ঢাকা অঞ্চল, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৫) অধ্যক্ষ/প্রধান শিক্ষক , কলেজ/স্কুল এন্ড কলেজ/স্কুল, ঢাকা মহানগরী ( শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করার বিষয়ে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৬) জেলা শিক্ষা অফিসার, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)